# শরীয়তপুর-১ আসনে প্রার্থী পরিবর্তনের দাবিতে বিএনপির মশাল মিছিল




সংগৃহীত ছবি

শরীয়তপুর-১ (পালং–জাজিরা) আসনের মনোনয়ন নিয়ে অসন্তোষ প্রকাশ করে জেলা বিএনপির একটি অংশ প্রার্থী পরিবর্তনের দাবিতে মশাল মিছিল করেছে। শুক্রবার (২৮ নভেম্বর) সন্ধ্যায় শহরের বিভিন্ন সড়ক ঘুরে শেষ হওয়া এই মিছিলে শতাধিক নেতাকর্মী অংশ নেন।

মিছিলে অংশ নেওয়া নেতাকর্মীরা জানান, এ আসনে দলীয় প্রার্থী হিসেবে ঘোষিত হয়েছে জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক সাঈদ আহমেদ আসলামের নাম। কিন্তু তার স্থায়ী ঠিকানা শরীয়তপুর-৩ (ডামুড্যা–গোসাইরহাট) এলাকায় হওয়ায় তারা বিষয়টিকে 'বহিরাগত প্রার্থী' হিসেবে দেখছেন। অপরদিকে তিনবারের সাবেক সংসদ সদস্য ও জেলা বিএনপির সাধারণ সম্পাদক সরদার একে এম নাসিরউদ্দিন কালুকে মনোনয়ন না দেওয়ায় তারা গভীর ক্ষোভ প্রকাশ করেন।

প্রায় কয়েকদিন ধরে একই দাবিতে বিভিন্ন কর্মসূচি পালন করছেন নেতাকর্মীরা। শুক্রবার রাতের এই মশাল মিছিল জেলা প্রশাসকের বাসভবনের সামনে থেকে শুরু হয়ে উত্তর বাজার এলাকায় গিয়ে শেষ হয়। এতে প্রায় তিন শতাধিক নেতাকর্মী উপস্থিত ছিলেন। তারা কালুকে দলীয় প্রার্থী ঘোষণা করার আহ্বান জানান।

বিএনপি নেতা সরদার চাঁন মিয়া বলেন, "কালু সরদার শুধু অভিজ্ঞ নন, তিনবার সংসদ সদস্য নির্বাচিত হয়ে জেলার উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন। জেলা বিএনপির গঠনের সঙ্গেও তার নাম জড়িয়ে আছে। তাকে উপেক্ষা করে বহিরাগত কাউকে মনোনয়ন দেওয়া অগ্রহণযোগ্য। দলকে সিদ্ধান্ত পুনর্বিবেচনা করতে হবে।"

সাবেক কাউন্সিলর ও বিএনপি নেতা আব্দুস সামাদ বেপারী বলেন, "এই আসনে পর্যাপ্ত যোগ্য নেতা রয়েছেন। তাদের বাদ দিয়ে ডামুড্যা এলাকার একজন বহিরাগতকে মনোনয়ন দেওয়া হয়েছে—এটি নেতাকর্মীরা মেনে নেবে না। আমাদের দাবি একটাই—কালু সরদারই এ আসনের উপযুক্ত প্রার্থী।"